# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## পার্বত্য জেলা পরিষদ
## খাগড়াছড়ি পার্বত্য জেলা

### জেলা উন্নয়ন সমন্বয় কমিটির অক্টোবর/২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মংসুইপ্রু চৌধুরী
চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।

সভার তারিখ ঃ ২২/১০/২০২৩ খ্রি.
সকাল ঃ ১১.০০ ঘটিকা।
স্থান ঃ জেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের-সংলগ্নি-'ক' এবং অনুপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা সংলগ্নি 'খ' তে দেখানো হল।

২। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, তিনি পরিষদে নব যোগদানকৃত মুখ্য নির্বাহী কর্মকর্তা জনাব সুমন চৌধুরী'কে উপস্থিত বিভাগীয় কর্মকর্তাদের সাথে পরিচয় করিয়ে দেন এবং সভা পরিচালনা ও বিগত সভার কার্যবিবরণী পাঠের মুখ্য নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ জানান । মুখ্য নির্বাহী কর্মকর্তা উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান । তিনি জানান, তাঁর নিজ জেলা চট্টগ্রাম বিভাগের রাউজান উপজেলা । তিনি গত ০৮ অক্টোবর,২০২৩ খ্রিঃ তারিখে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদে যোগদান করেছেন এবং এখানে যোগদান করার পূর্বে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের পরিচালক পদে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সংযুক্ত ছিলেন । নতুন যোগদানকারী কর্মকর্তা হিসেবে উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তাগনের সাথে তিনি পরিচয় বিনিময় করেন ।
মুখ্য নির্বাহী কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং বিস্তারিত আলোচনার পর কোনরূপ পরিবর্তন বা সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

৩। সভায় বিভাগ ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ক | খ | গ | ঘ |
| ০১। | **বন বিভাগ ঃ সহকারী বন সংরক্ষক** তাঁর বিভাগের অক্টোবর/২০২৩খ্রি. মাসের কার্যক্রম সম্পর্কে জানান- চলতি ২০২৩-২৪ অর্থ বছরে বিক্রয় বিতরণের জন্য ২০,০০০টি এবং জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব মোকাবেলায় সারাদেশব্যাপী ব্যাপক বনায়নের লক্ষ্যে চারা উত্তোলন (৪র্থ পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় মাননীয় সংসদ সদস্যের মাধ্যমে বিনামূল্যে জনসাধারণের মাঝে বিতরনের জন্য বিবিধ প্রজাতির ১০,০০০টি চারা উত্তোলনের কর্মসূচি রয়েছে। উক্ত চারা খাগড়াছড়ি বন বিভাগের আওতাধীন বিভিন্ন রেঞ্জে উত্তোলন করা হবে। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | বিভাগীয় বন কর্মকর্তা। |
| ০২। | **বাংলাদেশ কৃষি ব্যাংক (লীড ব্যাংক)** ঃ আঞ্চলিক ব্যবস্থাপক, খাগড়াছড়ি শাখা নিম্নরুপভাবে তাঁর ব্যাংকের কার্যক্রমের প্রতিবেদন সভায় পেশ করেন।<br>২। জেলার ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ও অর্জন এর বিবরণ:<br>ক) শস্য ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৮৪৫০.০০ লক্ষ টাকা, সংখ্যা-১৮৮৯, অর্জন ১৩৭৭.০৩ লক্ষ, বিতরণের হার ১৬% ।<br>খ) অন্যান্য ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ২৫০৫.০০ লক্ষ টাকা, সংখ্যা- ৯৫, অর্জন ২১৮.৬৭ লক্ষ টাকা।<br>গ) মোট কৃষি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১০৯৫৫.০০ লক্ষ টাকা, সংখ্যা- ১৯৮৪, অর্জন ১৫৯৫.৭০ লক্ষ টাকা, বিতরণ হার ১৫% ।<br>ঘ) মোট এসএমই ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৬৮৯৫.০০ লক্ষ টাকা, সংখ্যা ১৮২ অর্জন ৯৫৬.৫০ বিতরণের হার ১৪%।<br>ঙ) সর্বমোট ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১৭৮৫০.০০ লক্ষ টাকা, সংখ্যা ২১৬৬ অর্জন ২৫৫২.২০ লক্ষ, বিতরণের হার ১৪% ।<br>২। জেলার ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ও অর্জন এর বিবরণ:<br>ক) শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা- ৩১৮.৫৭ লক্ষ টাকা, সংখ্যা ৬৮ অর্জন ৬৬.৯৫ আদায়ের হার ২১%।<br>খ) সর্বমোট ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা- ৯২৪০.৫৩ লক্ষ টাকা, সংখ্যা অর্জন ২০১৪.৬৪ লক্ষ টাকা, আদায়ের হার ২২%। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল। কার্যক্রম স্বাভাবিক । | আঞ্চলিক ব্যবস্থাপক |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | গ) অনাদায়ী ঋণ স্থিতি ঃ ২০৪৩০.৭০ লক্ষ টাকা এবং শ্রেণীকৃত ঋণ স্থিতি ৫৭০.০০ লক্ষ টাকা।<br>এছাড়া কোভিড-১৯ এর কারণে সরকার ঘোষিত বিশেষ ৪% সুদে বিশেষ প্রণোদনা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৫৯৩.০০ লক্ষ টাকা, সংখ্যা-৫৯৪ বিতরণ ২৩৭.০০ লক্ষ । বিতরণ হার ১০০% । খাগড়াছড়ি জেলার ০৮ টি শাখাসহ সারা বাংলাদেশের ১০৩৮ টি শাখা Online কার্যক্রম পরিচালিত হচ্ছে। Fund Transfer এর বেলায় RTGS, EFTN & Online ব্যাংকিং এ সম্পূর্ণভাবে কমিশন ফ্রি। সকর ধরনের চালান জমা সংক্রান্ত সকল কার্যক্রম জেলাধীন ০৮টি শাখার মাধ্যমে পরিচালিত হচ্ছে। | | |
| ০৩। | **জেলা খাদ্য বিভাগ** ঃ জেলা খাদ্য নিয়ন্ত্রক জনাব রুপান্তর চাকমা তাঁর বিভাগের অক্টোবর/২০২৩খ্রি. মাসের কার্যক্রম নিম্নরূপভাবে উপস্থাপন করেন,<br>(ক) জেলার মজুদ ঃ চাল = ৫৪৬০.৯৮১ মেঃ টন,<br>গম = ১৫৪৯.০৮৫ মেঃ টন,<br>ধান = ০ মেঃ টন,<br>(খ) বাজার দর ঃ চাল (আতপ)- ৪০/- হতে ৪১/- টাকা<br>চাল (সিদ্ধ)- ৪১/- হতে ৪২/- টাকা<br>আটা (প্যাকেট)- ৬৫/- হতে ৬৬/- টাকা।<br>(গ) দিঘীনালা উপজেলার ছোটমেরুং বাজার মাদ্রাসা হতে খাদ্য গুদামের গেইট পর্যন্ত রাস্তাটি খাদ্য শস্যবাহী ট্রাক নির্বিঘ্নে চলাচলের স্বার্থে ট্রাক চলাচল উপয়োগী করে মেরামত করার লক্ষ্যে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড হতে দরপত্র আহ্বান করা হয়। ইতোমধ্যে পার্বত্য চট্রগ্রাম উন্নয়ন বোর্ড কার্যালয় হতে উক্ত রাস্তা নির্মানের জন্য টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হলেও ঠিকাদার কাজ শুরু করে নাই। অদ্যাবধি কাজ শুরু হয় নাই বলে জেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে জানান ।<br>(ঘ) খাগড়াছড়ি পার্বত্য জেলার লক্ষীছড়ি উপজেলা সদরে ৫০০ মেঃ টন ধারণ ক্ষমতার গুদাম নির্মাণ চূড়ান্ত পর্যায়ে । এছাড়া জেলা উন্নয়ন কমিটি সভার বিগত ২১/০৮/২০২৩ খ্রি. তারিখের সিদ্ধান্ত মোতাবেক মাটিরাঙ্গা উপজেলা সদরে ৫০০ মে. টন ধারণ ক্ষমতার একটি গুদাম নির্মাণের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবরে প্রস্তাব প্রেরণ করা হয়েছে বলে তিনি সভাকে জানান ।<br>(ঙ) বর্তমানে জেলার সকল এলএসডিতে বিভিন্ন খাতে বিলি বিতরণের জন্য পর্যাপ্ত খাদ্য শস্য মজুদ আছে । | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল। কার্যক্রম স্বাভাবিক । | জেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ০৪। | স্বাস্থ্য বিভাগ ঃ সিভিল সার্জন খাগড়াছড়ি তাঁর বিভাগের অক্টোবর/২০২৩খ্রি. বাৎসরিক প্রতিবেদন সম্পর্কে জানান:<br>**ক। ম্যালেরিয়া তথ্য-**<br>০১। ইউ,এম -৩২ জন<br>০২। এস,এম - ০১ জন<br>০৩। ভি,এম- ০৮ জন<br>০৪। মোট আক্রান্ত ম্যালেরিয়া রোগীর সংখ্যা- ৪১ জন<br>০৫। মোট ম্যালেরিয়া মৃত রোগীর সংখ্যা- ০ জন।<br>জানু হতে এ পর্যন্ত ম্যালেরিয়া আক্রান্ত সংখ্যা= ৩৫১ জন।<br>**(খ)** জানু হতে এ পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত সংখ্যা= ৭২৫ জন।<br>**খ। ডায়রিয়া তথ্য**<br>১। মোট ডায়রিয়া রোগীর সংখ্যা- ২১৭ জন<br>২। মোট ডায়রিয়া রোগীর মৃত সংখ্যা- নাই।<br>খ। এ,আর,আই,(০-৫) বছর শিশু<br>১। মোট এ,আর,আই,আক্রান্ত রোগীর সংখ্যা-২১০৪ জন<br>২। মোট মৃত রোগীর সংখ্যা- ০৩ জন<br>গ। জেলার মোট চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা = ৪৯৫৫৮ জন।<br>ঘ। জেলার মোট মৃত রোগীর সংখ্যা = ৪৫ জন।<br>ঙ। জেলার মোট শয্যা ব্যবহারের হার = ১১২%। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল। কার্যক্রম স্বাভাবিক । | সিভিল সার্জন, খাগড়াছড়ি |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | **চ। ইওসি(জরুরী প্রসুতি সেবা ) তথ্য-**<br>০১। এ,এন,সি- ১২৬০ জন, ০২। ভর্তি রোগীর সংখ্যা- ৬৪১ জন ০৩। জটিল রোগীর সংখ্যা- ৭৯। স্বাভাবিক জন্ম- ৩৭৪ জন ০৫। ভেকুয়াম- নাই ০৬। ভেজাইনাল ব্রিজ ডেলিভারী-০৩ জন, ০৭। সিজারিয়ান- ২১ জন, ০৮। জীবিত জন্ম- ৩৯০ জন, ০৯। মৃত জম্ম- ০৭ জন, ১০। রেফার রোগী গ্রহন-১৫ জন, ১১। রেফার রোগী প্রেরন- নাই ১২। পি, এন, সি- ৬০১ জন, ১৩। মাতৃ মৃত্যু- ০১জন, ১৪। নবজাতক মৃত্যু-০৭ জন।<br>**ছ। মাসিক টিকাদান রিপোর্ট (ই পি আই)--**<br>১। মাসিক লক্ষ্যমাত্রা(০-১১) মাস শিশু- ১৫৯৭, তৎমধ্যে বিসিজি অর্জিত- ১৭৮৭, প্যান্টা (১ম ডোজ অর্জিত সংখ্যা)- ১৬৪২, প্যান্টা (২য় ডোজ অর্জিত সংখ্যা)- ১৬২২, প্যান্টা (৩য় ডোজ অর্জিত সংখ্যা)- ১৬০১।<br>২। পিসিভি (১ম ডোজ অর্জিত সংখ্যা)-১৬৪২, পিসিভি (২য় ডোজ অর্জিত সংখ্যা)- ১৬২২, পিসিভি (৩য় ডোজ অর্জিত সংখ্যা)- ১৬০১।<br>৩। ওপিভি অর্জিত সংখ্যা (১ম-৪র্থ ডোজ পর্যন্ত) - ৪৯৯৩, আইপিভি অর্জিত সংখ্যা- ১৬৪২, ২য় ডোজ ১৬০১।<br>৪। এম,আর, ১ম ডোজ অর্জিত -১৫৪৩ জন, এম আর ২য় ডোজ অর্জিত সংখ্যা-১৫৯২ জন।<br>৫। গর্ভবতী মহিলার টিটি লক্ষ্যমাত্রা- ১২০৮, টিটি গর্ভবতী মহিলা অর্জিত সংখ্যা (০১- ০৫ম ডোজ পর্যন্ত) ৯৪৮ জন।<br>৬। অন্যান্য মাসিক মহিলা (১৫-৪৯) বছর বয়সী মহিলার টিটি লক্ষ্যমাত্রা- ৬৫৬১ জন, তৎমধ্যে অর্জিত সংখ্যা (০১-০৫ম ডোজ) - ৪৯৪৫ জন।<br>৭। মাসিক প্রসুতি মায়ের ভিটামিন"এ" প্রাপ্ত- ১১৩২ জন,<br>৮। জেলার মোট ডাক্তারের সংখ্যা মঞ্জুরীকৃত- ১৩২ জন, কর্মরত- ৭৪ জন, শুন্যপদ- ৫৮ টি। (সংযুক্তি-৪১ জনসহ) ।<br>৯। জেলা মোট নার্স এর সংখ্যা মঞ্জুরীকৃত ৩০৫ জন, কর্মরত- ১৪৭ জন এবং শূণ্যপদ ১৫৮টি।<br>**১০. কমিউ নিটি ক্লিনিক তথ্য--**<br>ক। মোট প্রস্তাবিত কমিউনিটি ক্লিনিক সংখ্যা- ১৪৬ টি, চালু সংখ্যা- ১১২টি।<br>খ। সিএইচসিপি কর্মরত ১১৫ জন এবং শুনপদ নাই ।<br>১১. কোভিড-১৯ ভ্যাকসিন সংক্রান্ত তথ্য (২১/১০/২০২৩ পর্যন্ত)= অত্র জেলা মোট রেজিস্ট্রেশনকারীর সংখ্যা-৪০৯৫৩৬, ভ্যাকসিন সম্পন্নকারীর সংখ্যাঃ ১ম ডোজ=৬২৫,৭৫৩ জন, ২য় ডোজ=৫৭২৬৫১ জন, ৩য় ডোজ=২৩৭৭০৫ জন, ৪র্থ ডোজ=২৯১০১ জন। (৫-১১) বয়সী শিশুদের ফাইজার টিকা প্রদানের লক্ষ্যমাত্রা-৯৫,০০০জন। টিকা সম্পন্নকারী সংখ্যা ১ম ডোজ-৮২৬১৫ জন, ২য় ডোজ- ৫৯৪৭৭ জন।<br>১২. কোভিড-১৯ ভ্যাকসিন সংক্রান্ত তথ্য : ২১/১০/২০২৩ পর্যন্ত মোট টেষ্ট- ২২৬৮৮, আক্রান্তের সংখ্যা-৩৮৭৯ জন, হাসপাতাল হতে ছাড়প্রাপ্ত রোগীর সংখ্যা-৩৮৭৯ জন। এ পর্যন্ত মৃত্যুর সংখ্যা-৪১ জন। বর্তমানে হাসপাতালে ভর্তি রোগী নাই।<br>এছাড়াও জেলা ও উপজেলা সমুহে স্বাস্থ্য সেবার কাজ ও অন্যান্য মাঠ কার্যক্রাম স্বাভাবিক চলছে এবং মাঠ পর্যায়ের মাঠ তদারক্কির কাজও চলছে। তদুপরি জেলার সকল সংশ্লিষ্ট এন,জি,ও এবং স্বাস্থ্য বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে জেলা পর্যায়ে নিয়মিত মাসিক সমম্বয় সভার কাজ অব্যাহত রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | | |
| ০৫। | <u>পাহাড়ী কৃষি গবেষণা কেন্দ্র, খাগড়াছড়ি</u> ঃ মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা তাঁর বিভাগে অক্টোবর/২০২৩ মাসের কার্যক্রম সম্পর্কে জানান-<br>* বারি কফি-১ এর জাত অবমুক্ত করা হয়েছে।<br>* গ্রাফটিং - এর মাধ্যমে বারি কফি-১ এর পর্যাপ্ত চারার উৎপাদন কার্যক্রম চলমান। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | * রাঙ্গামাটি অঞ্চলের আঞ্চলিক কৃষি প্রযুক্তি সম্প্রসারণ কমিটির সভার অংগ্রহণ ও রবি মৌসুমের কর্ম-পরিকল্পনা গ্রহণ।<br>* খরিপ-১ ও খরিপ-২ মৌসুমে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত সবজির জাত সমূহের পাহাড়ী অঞ্চলে উপযোগীতা যাচাই করণের জন্য গবেষণা কেন্দ্রের অভ্যন্তরে পরীক্ষা-নিরীক্ষার কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।<br>* বারি পানি কচুঁ-৬ এর উপযোগিতা যাচাই কার্যক্রম চলমান রয়েছে।<br>* কৃষক মাঠে বারি কফি-১ এর নতুন বাগান স্থাপন করা হয়েছে।<br>* বারি উদ্ভাবিত পেয়ারা, নাশপাতি ও আমের মাতৃবাগান স্থাপন সম্পন্ন হয়েছে।<br>* বিভিন্ন ফসলের উপর ২৭ টি গবেষণা কার্যক্রম চলমান রয়েছে।<br>* কৃষক মাঠে উপযোগিতা যাচাই করার জন্য বিদেশ থেকে কফি ও কাজুবাদামের উন্নত জাত আমদানী করা হয়েছে।<br>* মাননীয়, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে পতিত জলাবদ্ধ জমি ব্যবহার উপযোগী করে ধান চাষ করা হয়েছে।<br>* বিগত ১৫ বছরে পাহাড়ী কৃষি গবেষণা কেন্দ্র খাগড়াছড়িতে উদ্ভাবিত বিভিন্ন জাত ও প্রযুক্তির প্রতিবেদন তৈরি এবং পার্বত্য জেলা পরিষদ খাগড়াছড়িতে জমাদান।<br>দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | | |
| ০৬। | **পাহাড়াঞ্চল কৃষি গবেষণা কেন্দ্র, রামগড়** ঃ অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না । | | |
| ০৭। | **জেলা মৎস্য বিভাগ** ঃ জেলা মৎস্য কর্মকর্তা তাঁর বিভাগের সেপ্টেম্বর /২০২৩খ্রি. মাসের বিভাগীয় অগ্রগতির কার্যক্রম সম্পর্কে জানান-<br>১। জলাশয়ে অবমুক্তকৃত পোনার পরিমান-লক্ষ্যমাত্রা ১.৫ মে.টন, অর্জন ০.২২৮।<br>২। মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টিতে সম্পৃত সুফলভোগী জন-লক্ষ্যমাত্রা ৬০ অর্জন ১০ টি।<br>৩। মৎস্য সম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন পরিচালিত অভিযান-লক্ষ্যমাত্রা-২৫ অর্জন ০টি।<br>৪। স্থাপিত প্রদর্শনী খামার লক্ষ্যমাত্রা-১০, অর্জন ০২টি।<br>৫। আয়োজিত মৎস্য মেলা/ উদ্ভাবনী মেলা/ মৎস্যচাষী র‌্যালি- লক্ষ্যমাত্রা-০৫, অর্জন ০টি।<br>৬। তৈরি/উন্নয়নকৃত মৎস্য/চিংড়ি উৎপাদনকারীর সংগঠন লক্ষ্যমাত্রা ১০টি, অর্জন ০ টি।<br>৭। মৎস্যচাষ ব্যবস্থাপনা উন্নয়নে পরিদর্শন ও পরামর্শ প্রদান- লক্ষ্যমাত্রা-৫২০, অর্জন ৪১ টি।<br>৮। মৎস্যচাষি, মৎস্যজীবিসহ অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান-লক্ষ্যমাত্রা-৩০০, অর্জন ২০টি।<br>৯। দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের সংখ্যা লক্ষ্যমাত্রা-১৫, অর্জন ০ জন।<br>১০। খাগড়াছড়ি মিনি মৎস্য হ্যাচারি : ৩৮ কেজি রেণু ও ১,১৭,২০০টি পোনা এবং ২০০ কেজি ঝিনুক উৎপাদন কার্যক্রম চলমান রয়েছে ।<br>বিভাগীয় সুশাসন ও সংস্কারমূলক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | জেলা মৎস্য কর্মকর্তা |
| ০৮। | **প্রাণি সম্পদ বিভাগ** ঃ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তাঁর বিভাগের অক্টোবর/২০২৩খ্রি. মাসের বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানান,<br>**(ক) সম্প্রসারণ কার্যক্রম ঃ**<br>**(১) গবাদি পশু টিকা প্রদান ঃ-** বার্ষিক লক্ষ্যমাত্রা ২০০০০০, চলতি মাসে অর্জন ২৯৫২ মাত্রা, জুলাই হতে ক্রমপুঞ্জি- ৯৯৩১ মাত্রা। মাসিক অর্জনের হার ১৯.৮৬%।<br>**(২) হাঁস-মুরগী টিকা প্রদান ঃ-** বার্ষিক লক্ষ্যমাত্রা- ১৮০০০০০ চলতি মাসে অর্জন- ১০৭১০০ মাত্রা, জুলাই হতে ক্রমপুঞ্জি- ২০৮৫০০ মাত্রা। মাসিক অর্জনের হার- ১১.৫৮%।<br>**(৩) গবাদিপশু চিকিৎসা সেবা প্রদান ঃ-** বার্ষিক লক্ষ্যমাত্রা ১৩০০০০, চলতি মাসে অর্জন ১১৩৮৭ মাত্রা, জুলাই হতে ক্রমপুঞ্জি- ৩২৭০২ মাত্রা। মাসিক | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |

Email- khdcbd@gmail.com,Fax-0371-61878

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | অর্জনের হার ২৫.১৫ %।<br>(৪) পোল্ট্রি চিকিৎসা সেবা প্রদানঃ বার্ষিক লক্ষ্যমাত্রা- ৯৭০০০০, চলিত মাসে অর্জন- ৮২৮৪৮ মাত্রা, জুলাই হতে ক্রমপুঞ্জি- ২৩৬০২৫ মাত্রা। মাসিক অর্জনের হার ২৪.৩৩ %।<br>**(খ) রাজস্ব সংক্রান্ত ঃ** সেপ্টেম্বর/২৩ ইং গবাদিপশু ও হাঁস-মুরগী টিকা বীজের বিক্রয়লব্দ ৪৭,৫২০/- টাকা মাত্র ট্রেজারী চালানের মাধ্যমে রাজস্ব খাতে জমা প্রদান করা হয়েছে।<br>**(গ)** খামার রেজিষ্ট্রেশনঃ গাভীর খামার ০১ টি,ছাগলের খামার ০টি, ব্রয়লার ০২টি। (ঙ) প্রশিক্ষণঃ ০ জন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম। | | |
| ০৯। | **জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র ঃ** উপ-পরিচালক, ডাঃ জওহর লাল চাকমা জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্রের অক্টোবর/২০২৩খ্রি. মাসের বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানান-<br>১। খাগড়াছড়ি পার্বত্য জেলার এই মাসে কৃত্রিম প্রজননের লক্ষ্য মাত্রা ছিল ৯৫০ টি এবং অর্জিত হয়েছে ৮৫১টি। অর্জনের হার শতকরা ৮৬%। এছাড়া, এই মাসের ৩৮টি পূনঃপ্রজননসহ মোট ৮৮৬টি গাভীকে প্রজনন করা হয়েছে।<br>২। গাভীর গর্ভ পরীক্ষার সংখ্যা-৩৮১টি।<br>৩। গাভীর গর্ভ ধারনের সংখ্যা-১৮১টি এবং গর্ভ ধারনের শতকরা হার ৪৭%।<br>৪। নতুন বাছুর জন্মের সংখ্যা-৩৭৭টি, যার মধ্যে ২০২টি এঁড়ে বাছুর এবং ১৭৫টি বাকনা বাছুর।<br>৫। এ মাসে কৃত্রিম প্রজনন ফি বাবদ-৬৩,৮২৫/- টাকা(তেষট্টি হাজার আটশত পঁচিশ টাকা) রাজস্ব আদায় হয়েছে এবং তা চালানের মাধ্যমে রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করা হয়েছে।<br>৬। এই মাসে ৩৫০ লিটার তরুল নাইট্রোজেন গ্রহন এবং মাঠে বিলির মাধ্যমে ব্যবহার করা হয়েছে।<br>৭। কৃত্রিম প্রজনন কর্মীর কার্যক্রম তদারকীর জন্য বিভিন্ন উপজেলার ২৩জন ডেইরী খামারীর সাথে মোবাইলের মাধ্যমে মনিটরিং করা হয়েছে।<br>এছাড়া, বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | উপ-পরিচালক জেলা কৃত্রিম প্রজনন |
| ১০। | **বিএডিসি (ক্ষুদ্র সেচ) ঃ সহকারী প্রকৌশলী অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না ।** | নিয়মিত সভায় যোগদানের জন্য অনুরোধ করা হল । | সহকারী প্রকৌশলী |
| ১১। | **জেলা শিক্ষা বিভাগ (মাধ্যমিক)** ঃ জেলা শিক্ষা কর্মকর্তা **থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না ।** | নিয়মিত সভায় যোগদানের জন্য অনুরোধ করা হল । | জেলা শিক্ষা অফিসার |
| ১২। | **বিএডিসি (বীজ) ঃ সিনিয়র** সহকারী পরিচালক তাঁর বিভাগের অক্টোবর/২৩ মাসের কার্যক্রম সম্পর্কে জানান- ২০২৩-২৪ বিতরণবর্ষে বিতরণবর্ষে রবি মৌসুমে খাগড়াছড়ি জেলায় প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের জন্য বারি চীনাবাদাম-৯ (মানঘোষিত) -১২০০ কেজি ও বারি সরিষা-১৪ (মানঘোষিত) -২৬০০ কেজি বীজ কৃষি সম্প্রসারণ, খাগড়াছড়ি এর নিকট হস্তান্তর করা হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে । | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল। | উপ-সহকারী পরিচালক। |
| ১৩। | কৃষি-সম্প্রসারণ বিভাগ ঃ উপ-পরিচালক তাঁর বিভাগের অক্টোবর/২০২৩খ্রিঃ মাসের অগ্রগতির প্রতিবেদন সভায় পেশ করেন যা নিম্নরূপ ঃ<br>১। ২০২৩-২৪ মৌসুমে আউশ ধান আবাদের বর্তমান অবস্থা:<br>* হাইব্রিড: লক্ষ্যমাত্রা -০ হেক্টর, আবাদের অগ্রগতি -২৫ হেক্টর ।<br>* উফশী: লক্ষ্যমাত্রা -২৩০০ হেক্টর, আবাদের অগ্রগতি-১৪৩৭ হেক্টর ।<br>* স্থানীয়: লক্ষ্যমাত্রা -২২০০ হেক্টর, আবাদের অগ্রগতি- ১০৫৯ হেক্টর।<br>২। গ্রীষ্মকালীন আবাদ পরিস্থিতি :<br>* গ্রীষ্মকালীন সবজি : আবাদের লক্ষ্যমাত্রা-৪৩০০ হেঃ, আবাদ-৪২২০ হেঃ কর্তনকৃত- ৪২২০ হেঃ । তিল : আবাদের লক্ষ্যমাত্রা-৫৫ হেঃ, আবাদ-৬০ হেঃ কর্তনকৃত- ৬০ হেঃ । মরিচ : আবাদের লক্ষ্যমাত্রা-৯০ হেঃ, আবাদ-১০১ হেঃ কর্তনকৃত- ১০১ হেঃ । গ্রীষ্ম পেয়াজ : ০, আবাদের লক্ষ্যমাত্রা-০ হেঃ, কর্তনকৃত- ০ হেঃ। ভুট্টা : আবাদের লক্ষ্যমাত্রা-১৪৫ হেঃ, আবাদ-১৪২ হেঃ কর্তনকৃত-১৪২ | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল। | উপ-পরিচালক. কৃষি সম্প্রসারণ |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | হেঃ। আদা : আবাদের লক্ষ্যমাত্রা- ২৭০০ হেঃ, আবাদ- ২৯৯০ হেঃ, কর্তনকৃত- ০ হেঃ। হলুদ : আবাদের লক্ষ্যমাত্রা- ৩৯০০ হেঃ, আবাদ- ৪২৭২ হেঃ, কর্তনকৃত-০ হেঃ।<br>৩। রাসায়নিক সার পরিস্থিতি : (১৯/১০/২০২৩)<br>ইউরিয়া : মজুদের পরিমাণ -৫৭৩ মে:টন, বস্তাপ্রতি মূল্য -১৩৫০ টাকা<br>টিএসপি: মজুদের পরিমাণ -৬৪৬ মে:টন,বস্তাপ্রতি মূল্য -১৩৫০ টাকা<br>এমওপি : মজুদের পরিমাণ -৪২৯ মে:টন,বস্তাপ্রতি মূল্য -১০০০ টাকা<br>ডিএপি : মজুদের পরিমাণ -৫৮৯ মে:টন, বস্তাপ্রতি মূল্য -১০৫০ টাকা<br>৩৬ জন বিসিআইসি ডিলার এবং ২২১ জন খুচরা সার বিক্রেতাদের মাধ্যমে কৃষক পর্যায়ে সার উত্তোলন ও বিপনন চলছে। সারের কোন সংকট নেই।<br>৪। ১৭/০৮/২০২৩খ্রি. তারিখে সকল উপজেলায় চারা বিতরণ করা হয়েছে। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | | |
| ১৪। | **নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড** ঃ সহকারী প্রকৌশলী জানান-<br>ক) কোড নং- ২২১০০১১০০ এর আওতায় স্কীমের সংখ্যা ২৬০টি, সমাপ্তকৃত প্রকল্প সংখ্যা ৩২ টি, ২০২৩-২৪ অর্থ বছরে বরাদ্দ ২৬৫০.০০ টাকা ও ১৯অক্টোবর/২০২৩ খ্রি. পর্যন্ত ভৌত অগ্রগতি ১৬% এবং<br>খ) কোড নং- ২২১০০০৯০০ এর আওতায় স্কীমের সংখ্যা ২৭টি, সমাপ্তকৃত প্রকল্প সংখ্যা ০টি, ২০২৩-২৪ অর্থ বছরে বরাদ্দ ০ টাকা ১৯ অক্টোবর/২০২৩ খ্রি. পর্যন্ত ভৌত অগ্রগতি ১৫%। | ১। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল। | নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড। |
| ১৫। | **গণপূর্ত বিভাগ** ঃ সহকারী প্রকৌশলী জনাব মনিরুল ইসলাম খন্দকার তাঁর বিভাগের কার্যক্রম সম্পর্কে জানান,<br>১. এপিবিএন খাগড়াছড়ি স্পেশিয়ালাইজড ট্রেনিং সেন্টার এর ৬ তলা ভিত বিশিষ্ট ২য় তলা প্রশাসনিক ভবন নির্মান কাজ এর অনুমোদিত দরপত্র মূল্য ৩২৪.২৯ লক্ষ টাকা, মোট বরাদ্দ ২১০.০০ লক্ষ টাকা, ব্যয় ২১০.০০ লক্ষ টাকা এবং ভৌত অগ্রগতি ৮৫%।<br>২. খাগড়াছড়ি জেলাস্থ সদর হাসপাতাল ১০০ শয্যা হতে ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল এ উন্নতকরণ কাজ এর অনুমদিত দরপত্র মূল্য ৩৫৩৫.৯৮ লক্ষ টাকা, মোট বরাদ্দ ৩২৮৩.৮৬ লক্ষ টাকা, ব্যয় ৩২৮৩.৮৬.০০ লক্ষ টাকা এবং ভৌত অগ্রগতি ৫৮%।<br>৩. খাগড়াছড়ি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনষ্টিটিউটের অবকাঠামো উন্নয়ন কাজ এর অনুমদিত দরপত্র মূল্য ৬৯৮.৮৩ লক্ষ টাকা, মোট বরাদ্দ ৩৯৭.০০ লক্ষ টাকা, ব্যয় ৩৯৭.০০ লক্ষ টাকা এবং ভৌত অগ্রগতি ৭৩%।<br>৪. খাগড়াছড়ি এপিবিএন বিশেষায়িত ট্রেনিং সেন্টার আধুনিক সুবিধা সম্বলিত মাল্টিপারপাস কল্যান সেড (সিভিল, স্যানিটারী বৈদ্যুতিক) নির্মান কাজ এর অনুমদিত দরপত্র মূল্য ২২৭.৬৪ লক্ষ টাকা, মোট বরাদ্দ ২২৪.১৮ লক্ষ টাকা, ব্যয় ২২০.৫০ লক্ষ টাকা এবং ভৌত অগ্রগতি ৯৭%।<br>৫. ০৬ এপিবিএন মহালছড়ি, খাগড়াছড়ির পুলিশ লাইন্সে ৬তলা ভিত বিশিষ্ট ২তলা প্রশাসনিক ভবন নির্মাণ কাজ এর অনুমদিত দরপত্র মূল্য ৪০৮.৬৫ লক্ষ টাকা, মোট বরাদ্দ ২৫০.০০ লক্ষ টাকা, ব্যয় ২৫০.০০ লক্ষ টাকা এবং ভৌত অগ্রগতি ৯০%।<br>৬. খাগড়াছড়ি জেলা ও নতুন পুলিশ লাইন্সে ৬ তলা ভিত বিশিষ্ট পুরুষ ব্যারাক ভবনের ৪র্থ তলা নির্মাণ (সিভিল, স্যানিটারী ও বৈদুতিক) কাজ এর ডিপিপি মূল্য ১২.২৬ লক্ষ, বরাদ্দ ১২৫.০০, ব্যয় ১২৫.০০ লক্ষ টাকা এবং ভৌত অগ্রগতি ৩৫%।<br>৭. প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় খাগড়াছড়ি জেলা সদর উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজের অগ্রগতি ৯৬%, মানিকছড়ি উপজেলার মডেল মসজিদ নির্মাণ কাজের অগ্রগতি ৯৬%, পানছড়ি উপজেলার মডেল মসজিদ নির্মাণ কাজের অগ্রগতি ৯৮%, মাটিরাংগা উপজেলার মডেল মসজিদ | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল। | নির্বাহী প্রকৌশলী |

Email- khdcbd@gmail.com,Fax-0371-61878

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | নির্মাণ কাজের অগ্রগতি ৯৮%, জেলা সদর মডেল মসজিদ নির্মাণ কাজের অগ্রগতি ২০%, গুইমারা উপজেলার মডেল মসজিদ নির্মাণ কাজের অগ্রগতি ২৫%, দীঘিনালা মডেল মসজিদ নির্মাণ কাজের অগ্রগতি ২৫% ।<br>এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| ১৬। | **<u>সড়ক ও জনপথ বিভাগ</u> ঃ নির্বাহী প্রকৌশলী অনুপস্থিত থাকায় বিভাগীয় উন্নয়ন কার্যক্রম সর্ম্পকে জানা গেল না । নিয়মিত সভায় যোগদান করে উন্নয়ন কার্যক্রম সম্পর্কে তথ্যাদি তুলে ধরার জন্য অনুরোধ করা হয় ।** | নিয়মিত সভায় যোগদান করার জন্য অনুরোধ করা গেল । | নির্বাহী প্রকৌশলী |
| ১৭। | **<u>নির্বাহী প্রকৌশলী (বিউবো)</u>** ঃ সহকারী প্রকৌশলী জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | | |
| ১৮। | **<u>পানি উন্নয়ন বোর্ড</u>** ঃ উপ-বিভাগীয় প্রকৌশলী অনুপস্থিত থাকায় তাঁর বিভাগের কার্যক্রম সর্ম্পকে/প্রকল্পের অগ্রগতি সম্পর্কে জানা গেল না ।<br>* গত সভার প্রতিবেদন ানুযায়ী জেলায় চলমান "খাগড়াছড়ি শহর ও তৎসংলগ্ন অবকাঠামো নদী ভাঙ্গন হতে সংরক্ষণ" প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত স্থানে কাজ চলমান রয়েছে ।<br>* ভাইবোনছড়া ইউনিয়নের সুরেন্দ্র মাস্টারপাড়া, খাগড়াছড়ি সদর ইউনিয়নে খবংপড়িয়া ইয়ংস্টার ক্লাব ও গোলাবাড়ী ইউনিয়নের রাজ্যমনি পাড়া, বতটলী শ্মশান, বতটলী বাজার এলাকায় কাজ চলমান । ২.৪৯৫ কি:মি:।<br>* পানছড়ি ইউনিয়ন পরিষদের লোগাং বিজিবি জোন ও চেঙ্গী ইউনিয়ন পরিষদের চেঙ্গী ইউনিয়ন পরিষদ ভবন রক্ষাকল্পে কাজ চলমান রয়েছে যার এরিয়া ০.৪১০ কি.মি।<br>* দীঘিনালা বাবুছড়া ইউনিয়ন পরিষদের বাবুছড়া বাজার ও খাদ্য গুদাম ও বোয়ালখালী ইউনিয়নের নৌকাছড়া এলাকা যার এরিয়া ০.৭১০ কি:মি:। * কাজের মোট দৈর্ঘ্য: ৩.৬৪৫ কি:মি:। | নিয়মিত সভায় যোগদান করার জন্য অনুরোধ করা গেল । | উপ-বিভাগীয় প্রকৌশলী |
| ১৯। | **<u>জেলা প্রাথমিক শিক্ষা বিভাগ</u>** ঃ জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা তাঁর বিভাগের কার্যক্রম সম্পর্কে জানান,<br>১। খাগড়াছড়িপার্বত্য জেলায় ৩৩৬ জন নতুনশিক্ষকনিয়োগকার্যক্রম সম্পন্ন করা হয়েছে। (নবসৃষ্ট পদে নিয়োগকৃত শিক্ষকসংখ্যা-২৫৮ জন এবং শুন্য পদে নিয়োগকৃত শিক্ষক সংখ্যা- ৭৮ জন)।<br>২। বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট-২০২৩ এর বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশ গ্রহণ করে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট-২০২৩ এ খাগড়াছড়ি জেলার সদর উপজেলা দল ৩য় স্থান অর্জন করেন।<br>৩। শেখ রাসেল দিবস- ২০২৩ বিদ্যালয়, উপজেলা এবং জেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদায় উদযাপন।<br>৪। বিদ্যালয় পর্যায়ে ৩য় প্রান্তিক মূল্যায়ন কার্যক্রমের জন্য প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে।<br>৫। বিদ্যালয় পর্যায়ে বিশ্ব জলাতঙ্ক দিবস- ২০২৩ উদযাপন করা হয়েছে।<br>৬। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবেচলমানরয়েছে। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ২০। | **<u>শিক্ষা প্রকৌশল অধিদপ্তর</u>** ঃ সহকারী প্রকৌশলী, তাঁর বিভাগের চলমান কার্যক্রম এর প্রতিবেদন সম্পর্কে জানান-<br>১. তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মান্নোয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারী কলেজসমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প ১০টি এবং অগ্রগতি ১০০%।<br>২. নির্বাচিত বে-সরকারী মাধ্যমিক বিদ্যালয় সমূহের উন্নয়ন "শীর্ষক প্রকল্পের ১০টি স্কীমে ০৬টি সমাপ্ত ০৪টি অসমাপ্ত রয়েছে এবং অগ্রগতি ৯৫%।<br>৩. নির্বাচিত বে-সরকারী মাধ্যমিক বিদ্যালয় সমূহের উর্দ্ধমুখী সম্প্রসারণ শীর্ষক প্রকল্পের ১০টি স্কীমের মধ্যে ০৭টি সমাপ্ত, ০৩টি অসমাপ্ত রয়েছে এবং অগ্রগতি ৯৮.৬০%। কাজ চলমান রয়েছে। | ১। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল বিভাগ। |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | ৪. ১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ স্থাপন (প্রথম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় বাস্তাবায়নাধীন প্রকল্প ১টি এবং অগ্রগতি ৭৬%।<br>৫. সরকারি মাধ্যমিক বিদ্যালয় সমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্প এর বাস্তবায়নাধীন প্রকল্প ১২টি স্কীমের মধ্যে সমাপ্তকৃত ০২, অসমাপ্ত ১০টি । অগ্রগতি ৬৬%।<br>৬. ৬৪টি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ সক্ষমতা বৃদ্ধির শীর্ষক প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প ১টি, ১ টি অসমাপ্ত এবং অগ্রগতি ৫৯%।<br>৭. নির্বাচিত মাদ্রাসা সমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প ০৬টি, সমাপ্ত ০২টি অসমাপ্ত ০৪টি এবং অগ্রগতি ৬৫%। | | |
| ২১। | **এলজিইডি ঃ** সহকারী প্রকৌশলী জনাব মোঃ রেজাউল করিম তাঁর বিভাগের কার্যক্রম সম্পর্কে জানান-<br>১। ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীণ সড়ক ও কালভার্ট মেরামতের প্রকল্পের আওতাধীন কাজগুলোর মধ্যে ৪টি কাজ ছাড়া বাকি সব গুলো কাজ সম্পন্ন হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরের গ্রামীণ সড়ক ও কালভার্ট মেরামত প্রকল্পের আওতায় ১৯টি স্কীমের অনুমোদন পাওয়া গিয়েছে। তন্মধ্যে ১৮টি স্কীমের দরপত্রের কাজ সম্পন্ন হয়েছে। NOA প্রদান প্রক্রিয়াধীন রয়েছে। বাকি ১টি কাজের দরপত্র প্রক্রিয়াধীন রয়েছে।<br>২। কৃষি জমির সর্বোত্তম ব্যবহার এবং কৃষিকাজে সহায়তার জন্য পানছড়ি, মহালছড়ি, খাগড়াছড়ি সদর উপজেলায় SSSWRDP-3 এর ৩টি প্রকল্পের মধ্যে ২টি প্রকল্প ইতি মধ্যে সম্পন্ন হয়েছে। চলমান ১টি কাজ প্রকল্প ২০২৩-২৪ অর্থবছরের মধ্যেই সমাপ্ত হবে।<br>৩। সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় বর্তমানে ৬টি সাইটের কাজ চলমান আছে। নতুন ডিপিপিভুক্ত স্কীমসমূহের অনুমোদন পাওয়া গিয়েছে। দরপত্র প্রক্রিয়াধীন।<br>৪। অগ্রাধিকার ভিত্তিতে গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩ আওতায় ৩টি প্রকল্পের কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। বর্তমানে ১১টি প্রকল্পের কাজ বিভিন্ন উপজেলায় চলমান আছে। চলমান ১১টি প্রকল্প ২০২৩-২৪ অর্থবছরের মধ্যেই সমাপ্ত হবে ।<br>৫। আশ্রয়ণ প্রকল্পের সাথে সংযুক্ত আইডিবিহীন রাস্তাসমূহের আইডিভুক্তকরণের ফিল্ড ডাটাবেজ তৈরীর কাজ চলমান রয়েছে।<br>৬। তিন পার্বত্য জেলার দূর্যোগে ক্ষতিগ্রস্থ পল্লী সড়ক উন্নয়ন প্রকল্প এর আওতায় বর্তমানে ১৮টি প্রকল্প বিভিন্ন উপজেলায় চলমান আছে এবং ৮টি উন্নয়নমূলক কাঁজ প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক বাতিলের অনুমোদন পায়ায় সেগুলো বাতিল করা হয়েছে। চলমান প্রকল্প ২০২৩-২৪ অর্থবছরের মধ্যেই সমাপ্ত হবে।<br>৭। গ্রাম সড়ক পুর্নবাসন প্রকল্পের আওদায় এর আওতায় ৫টি প্রকল্প উপজেলায় চলমান আছে। নতুন স্কীমসমূহ অনুমোদনের জন্য সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>৮। উপজেলায় নন-মিউনিসিপাল প্রকল্পের আওতায় পাবলিক টয়লেট সহ নতুন ২১টি স্কীম অনুমোদিত হয়েছে। ঠিকাদরবৃন্দের সাথে চুক্তি সম্পন্ন করা হয়েছে।<br>৯। এলজিডির সকল কাজ গুণগতমান বজায় রেখে বাস্তবায়ন করা হচ্ছে।<br>বিভাগীয় অন্যান্য কাযক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি । |
| ২২। | **জেলা সমাজ সেবা বিভাগ ঃ** উপ-পরিচালক(ভাঃ) তাঁর বিভাগের সেপ্টেম্বর/২০২৩ মাসের অগ্রগতির কার্যক্রম উপস্থাপন করেন-<br>(ক) দারিদ্র বিমোচন কর্মসূচী ঃ<br>(১) আরএসএস, ১ম হতে ৬ষ্ঠ পর্ব এর মোট প্রাপ্ত তহবিল ২০৫০৬৪১১/-টাকা, বিনিয়োগকৃত অর্থের পরিমান ২০৪৯৫৯৩৪/- টাকা, স্কীমের সংখ্যা ৬২৪৫ জন, আদায়ের হার ৮৭%।<br>(২) রাজস্ব (ইউসিডি) : প্রাপ্ত তহবিল ২১৭৯২৪৮৩/-, বিনিয়োগকৃত অর্থের পরিমান ২১৩৮৭৭০০/-টাকা, উপকৃতের সংখ্যা- ১৩৮১ জন, আদায়ের হার | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | উপ-পরিচালক |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | ৮৬%।<br>(৩) আরএসএস (২০১১-২০১২ হতে ২০২২-২৩ অর্থ বছর) মোট প্রাপ্ত তহবিল ৫১১০০০০০/- টাকা, বিনিয়োগকৃত অর্থের পরিমান ৫১০৯৮৫০০/- টাকা, স্কীমের সংখ্যা ২৯৮৫। আদায়ের হার ৯০% ।<br>(৪) দগ্ধ ও শারিরীক প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রমের আওতায় প্রাপ্ত তহবিল ১৬৮৭৯২৯৯/- টাকা, বিনিয়োগকৃত অর্থের পরিমান ১৬৫৯৬৮০৪/- টাকা, উপকৃতের সংখ্যা ১৭৪৭ জন, আদায়ের হার ৯০%।<br>(৫) পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম এর আওতায় প্রাপ্ত তহবিল ১৯৬৫১২০০/- টাকা, বিনিয়োগকৃত অর্থের পরিমান ১৯৬৫০৫০০/- টাকা, উপকৃতের সংখ্যা ১৫৩২ জন, আদায়ের হার ৯৫%।<br>(৬) বিশেষ আর্থ সামাজিক কার্যক্রমে মোট প্রাপ্ত তহবিল ১১৪১৬৮৬০/- টাকা, বিনিয়োগকৃত অর্থের পরিমান ১১৩৮৮৮৭৫/- টাকা, উপকৃতের সংখ্যা ১৮৬৮ জন এবং আদায়ের হার ৭০%।<br>(৭) পার্বত্য জেলা সমূহের বিশেষ আর্থ সামাজিক উন্নয়ন প্রকল্প প্রাপ্ত তহবিল ২৫০০০০০/- টাকা, বিনিয়োগেকৃত অর্থের পরিমাণ ২৫০০০০০/- টাকা, উপকৃতের সংখ্যা ৪০৬ জন এবং আদায়ের হার ১০০%।<br>এছাড়া দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুর্নবাসন কার্যক্রমসহ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে । | | |
| ২৩। | **জেলা পরিবার পরিকল্পনা বিভাগ** ঃ উপ-পরিচালক তাঁর বিভাগের সেপ্টেম্বর/২৩ খ্রি. মাসের কার্যক্রম সম্পর্কে জানান -<br>১) জেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা- ১১৭৮৬৬জন<br>২) সর্বমোট পরিবার পরিকল্পনা গ্রহণকারী (পুরান+নতুন)- ৯২৯৬৯ জন।<br>৩) মোট পরিবার পরিকল্পনা গ্রহণকারীর হার ৭৮.৮৮%<br>৪) মোট নব দম্পত্তির সংখ্যা- ১৩৫ জন<br>৫) সর্বমোট ওটউ গ্রহণকারী(নতুন)- ৭৪ জন<br>৬) সর্বমোট ইমপ্লান্ট গ্রহণকারী (নতুন)- ১৯২ জন<br>৭) স্থায়ী পদ্ধতি (ক) পুরুষ- , (খ) মহিলা- জন, মোট -১২ জন।<br>৮) মোট গর্ভখালাস-(ক) স্বাভাবিক- জন, (খ) সিজারিয়ান- জন, মান উন্নীত জন । সর্বমোট গর্ভখালাস= ১১৪ জন।<br>৯) চলতি মাসের জেলার মাতৃমৃত্যুর সংখ্যা= ০ জন।<br>১০) জেলায় মোট গর্ভবতীর সংখ্যা= ৩৯৩০ জন।<br>১১) জেলার মোট গর্ভবতী পরিচর্যা-২৮৩৫ জন।<br>১২) জেলার মোট প্রসব পরবর্তী পরিচর্যা-৮৪৭ জন।<br>১৩) জেলার মোট জীবিত জন্মের সংখ্যা ৪৭০ জন।<br>১৪) চলতি মাসে সর্বমোট মৃত্যুর সংখ্যা- ১১৭ জন।<br>১৫) বাল্য বিবাহ ও কিশোর মাতৃত্বের বিষয়ে কাউন্সেলিং-১৬৮৬ ।<br>১৬) সাধারণ রোগী সেবা প্রদান-১১০৮৬ জন।<br>১৭) জেলার সর্বমোট জনসংখ্যা- ৬৪৯০৭১ জন<br>১৮) জেলার জনসংখ্যার বৃদ্ধির হার ১.৩৪%(প্রায়)।<br>বিভাগীয় অন্যান্যা কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | উপ-পরিচালক |
| ২৪। | **যুব উন্নয়ন অধিদপ্তর ঃ** উপপরিচালক তাঁর বিভাগের সেপ্টেম্বর/২০২৩খ্রি. মাসের কার্যক্রম সর্ম্পকে সভাকে জানান:<br>**১। যুব ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম:** চলতি অর্থবছরে ১৫২ জন যুব ও যুব মহিলাকে বিভিন্ন দফায় ৬৪.৬৫ লক্ষ টাকা বিতরণ করা হয়। সেপ্টেম্বর,২০২৩খ্রি. মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯১.২৯%<br>**২। পোষাক তৈরী প্রশিক্ষণ কোর্স:-** চলিত ২০২৩-২৪ অর্থ বছরের ১ম ব্যাচ (জুলাই-সেপ্টেম্বর,২৩) এর প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। অক্টোবর-২৩ মাস হতে ২য় ব্যাচের প্রশিক্ষণ শুরু করা হয়েছে।<br>**৩। কম্পিউটার প্রশিক্ষণ কোর্স:** চলিত ২০২৩-২৪ অর্থ বছরের ১ম ব্যাচ | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | উপ-পরিচালক |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | (জুলাই-ডিসেম্বর,২৩) এর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>৪। **মৎস চাষ:** এই ট্রেডটি গত জনাব সুমেধা চাকমা, প্রশিক্ষক(মৎস্য), তার পদোন্নতি জনীত কারণে মৎস্য চাষ প্রশিক্ষণ ট্রেডটি ২০২২-২৩ অর্থ বছর থেকে বন্ধ রয়েছে।<br>৫। ইলেকট্রিক্যাল এন্ড হাউস ওয়্যারিং ট্রেড: এ ট্রেডটি গত ২০১৭খ্রি. সন হতে প্রশিক্ষক এবং সহকারী প্রশিক্ষক এর পদ শূণ্য থাকার কারণে বন্ধ রয়েছে। কিন্তু অত্র জেলায় এই ট্রেডটির চাহিদা অনেক বেশি । যা প্রশিক্ষণ সমাপ্তির পর পর একজন যুব সফলভাবে আয় বৃদ্ধি করতে পারে।<br>৬। রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং প্রশিক্ষণ কোর্স: এ ট্রেডটি গত ২০১১খ্রি. সন হতে প্রশিক্ষক এবং সহকারী প্রশিক্ষক এর পদ শূণ্য থাকার কারণে বন্ধ রয়েছে। কিন্তু অত্র জেলায় এই ট্রেডটির চাহিদা অনেক বেশি । যা প্রশিক্ষণ সমাপ্তির পর পর একজন যুব সফলভাবে আয় বৃদ্ধি করতে পারে।<br>অত্র দপ্তরের উল্লেখিতআলোচ্য সূচীর বাস্তবায়ন অত্যান্ত জরুরী। কারণ দ্রুত বাস্তবায়ন হলে অত্র জেলার বহু বেকার যুবক উক্ত আয় বর্ধক ট্রেড গুলির মাধ্যমে তাদের কর্মসংস্থান দ্রুত বাস্তবায়ন করতে পারবে। তাই মাননীয় চেয়ারম্যান মহোদয়ের কাছে ট্রেডগুলি দ্রুত চালু করার ব্যাপারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত ভাবে অনুরোধ করা গেল।<br>অন্যান্য কার্যক্রম স্বাভাবিক । | | |
| ২৫। | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** ঃ সহকারী প্রকৌশলী তাঁর বিভাগের সেপ্টেম্বর/২৩ মাসের কার্যক্রম সম্পর্কে সভাকে জানান,<br>১। খাগড়াছড়ি জেলার বিভিন্ন গ্রাম সমূহে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাপনা প্রকল্প এর কাজ ৯৭% সমাপ্ত হয়েছে ।<br>২। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পে সর্বমোট ৯৮৮টি নলকূপ স্থাপন কাজের বরাদ্দ ছিলো ২০২১-২২ অর্থ বছরে। কাজের প্রায় ৯৮% বাস্তবায়িত হয়েছে ।<br>৩। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পে সর্বমোট ৯৮৮টি নলকূপ স্থাপন কাজের বরাদ্দ ছিলো ২০২২-২৩ অর্থ বছরে।কাজের প্রায় ৭৪% বাস্তবায়িত হয়েছে।<br>৪। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পে সর্বমোট ৯৮৮টি নলকূপ স্থাপন কাজের বরাদ্দ ছিলো ২০২৩-২৪ অর্থ বছরে। দ্রুত কার্যাদেশ প্রদান করা হবে ।<br>৫। খাগড়াছড়ি জেলার বাজারসমূহে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাপনা প্রকল্প চলমান আছে। কাজের প্রায় ৫৫.৫০% বাস্তবায়িত হয়েছে।<br>৬। আশ্রায়ন প্রকল্প (৪র্থ পর্যায়)। উক্ত প্রকল্পের আওতায় ১৯০ টি টিউবয়েল এর কাজ প্রক্রিয়াধীন রয়েছে।<br>৭। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় (২০২১-২২) অর্থ বছরে ৫০টি ওয়াসব্লক এর কাজ চলমার আছে। প্রকল্পের প্রায় ৯৩% কাজ সমাপ্ত হয়েছে।<br>৮। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় (২০২২-২৩) অর্থ বছরে ১০০টি ওয়াসব্লক এর কাজ চলমার আছে। প্রকল্পের প্রায় ৫৮% কাজ সমাপ্ত হয়েছে।<br>৯। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় (২০২৩-২৪) অর্থ বছরে ১০০টি ওয়াসব্লক এর কার্যাদেশ প্রদান করা হবে।<br>১০। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ২০১টি বিদ্যালয়ে নলকূপ স্থাপনের কাজ ৭৫% সমাপ্ত হয়েছে । | বিভাগীয় কার্যক্রম সর্ম্পকে অবহিত হওয়া গেল । | নির্বাহী প্রকৌ: খা/ছড়ি । |
| ২৬। | **বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড** ঃ উপ-প্রকল্প পরিচালক তাঁর বিভাগের সেপ্টেম্বর/২৩ মাসের কার্যক্রম সম্পর্কে জানান-<br>**১. সাংগঠনিক কার্যক্রম:**<br>ক. সমিতি/দল গঠন - লক্ষ্যমাত্রা-০৪, মাসে ০ জন, বছরে ০ জন, ক্রমপুঞ্জিত ১০৭৮, এবং<br>খ. সদস্য ভর্তি- লক্ষ্যমাত্রা- ১৪৪ মাসে ০ জন, বছরে ০ জন, হার ০% ক্রমপুঞ্জিত ২১৮৩৩।<br>২। **পুঁজি গঠন:**<br>ক. শেয়ার আদায় - লক্ষ্যমাত্র- ৪.০০ লক্ষ টাকা, মাসে ০.৫০ লক্ষ টাকার, | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | উপ-পরিচালক |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | বছরে ১.৩১ লক্ষ টাকা, হার ৩৩%, ক্রমপুঞ্জিত ৯১.৬৮, এবং<br>খ. সঞ্চয় আদায়- লক্ষ্যমাত্রা ৪৭.২০, মাসে ২.৯২ লক্ষ টাকা, বছরে ১১.৪৭ লক্ষ টাকা, হার ২৪%, ক্রমপুঞ্জিত ৬৪৩.১৮।<br>৩। **ঋণ বিতরন ও আদায়:**<br>ক. ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১১৬৭.৭৬, মাসে বিতরন ৭২.৭৩, বছরে বিতরন ১২৬৮.৭৮ হার ৩২%, ক্রমপুঞ্জিত ১৪৫৩৮.৬৯ এবং<br>খ. মাসে আদায় ৬৯.৮৮ বছরে আদায় ২২৯.৭৩ ক্রমপুঞ্জিত আদায় ১৩২০৭.০৫ লক্ষ টাকা, ঋণ আদায়ের হার ৭৯%। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | |
| ২৭। | **বিসিক (প্রকল্প ও শিল্প সহায়ক কেন্দ্র)** ঃ উপ-ব্যবস্থাপক তাঁর বিভাগের অক্টোবর/২০২৩ পর্যন্ত মাসের কার্যক্রম সম্পর্কে জানান:<br>ক্ষুদ্র ও কুটির শিল্পের মাধ্যমে ২৩ জনের কর্মসংস্থান করা হয়েছে এবং ক্ষুদ্র ও কুটির শিল্পের ২০ জন উদ্যোক্তা চিহ্নিতকরণ করা হয়েছে। বিসিক ওয়ানস্টপ সার্ভিস (www.ossbscic.gov.bd) এর মাধ্যমে বিসিক জেলা কার্যালয়, খাগড়াছড়ি হতে এ মাসে ০২ টি নিবন্ধন প্রদান করা হয়েছে। কারিগরি তথ্য সংগ্রহ ও বিতরণ, নকশা-নমুনা উন্নয়ন ও বিতরণ, বিপণন সমীক্ষা প্রণয়ন, ঋণ ব্যবস্থাকরণ/সহায়তাকরণ, প্রকল্প প্রস্তাব প্রণয়ন ও মূল্যায়নসহ অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | উপ-ব্যবস্থাপক, বিসিক |
| ২৮। | **ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট** ঃ উপ-পরিচালক (ভা:) জানান, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) মোতাবেক বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে । | | |
| ২৯। | **জেলা পরিসংখ্যান অফিস** ঃ উপ-পরিচালক অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না । | নিয়মিত সভায় যোগদানের জন্য অনুরোধ করা গেল । | জেলা পরিঃ উপ-পরিচালক |
